আনঅফিসিয়াল অনুবাদ

প্রেস রিলিজ

৯ মার্চ ২০১৫

বাংলাদেশে অগ্রগামী পুরুষ ব্যক্তিত্বের সাথে হিফরসি ক্যাম্পেইন এর শুভ সূচনা
জেন্ডার সমতার জন্য পদক্ষেপ নিন

ঢাকা, বাংলাদেশ- ইউএন উইমেনে এর বিশ্বব্যাপি প্রচারাভিযান হিফরসি এর শুভ সূচনালগ্নে, বাংলাদেশের ৯ জন বিশিষ্ট অগ্রগামী পুরুষ ব্যক্তিত্ব যারা ব্যবসা, রাজনীতি, কুটনীতি, খেলাধুলা, শিল্পকলা, শিক্ষা, যুব এ্যাডভোকেসি, মিডিয়া এবং উন্নয়ন এর ক্ষেত্রে স্বনামধন্য তারা এই দিবসে জেন্ডার সমতার পক্ষে তাঁদের অঙ্গীকার ও অবস্থান তুলে ধরেছেন।

আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের প্রাক্কালে, এই বিশিষ্ট ব্যাক্তিরা জেন্ডার বৈষম্য দূরীকরণে এবং এই বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে কাজ করছেন। বাংলাদেশে নিযুক্ত সুইডেনের এ্যামবাসেডর জোহান ফ্রাইসেল এই ক্যাম্পেইনের সাথে তার ব্যক্তিগত একাত্বতা প্রকাশ করতে গিয়ে বলেন: আমি বাংলাদেশে সেই সকল উন্নয়ন প্রকল্পে সহায়তা করব যেগুলো শ্রমবাজারে নারীর সম-অংশ্রগণের সুযোগ সৃষ্টি করবে। তিনি বিশ্বাস করেন, জেন্ডার সমতা অর্জনের লক্ষ্যে চলমান সংগ্রাম শুধুমাত্র নারীদের বিষয় নয়, পুরুষের সর্বাত্বক অঙ্গীকার ও সমর্থন ছাড়া এটি অর্জন সম্ভব নয়।

এই বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে যারা আছেন, জনাব, সাবের হোসেন চৌধূরী, এমপি এবং প্রেসিডেন্ট, ইন্টার পার্লামেন্টারিয়ান ইউনিয়ন; সিদ্দিকুর রহমান, পেশাদার গলফার চ্যাম্পিয়ন; চলচিত্র প্রযোজক, খালিদ মাহমুদ মিঠু, ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, এ্যাকাডেমিয়া, সেন্টার ফর পলিসি ডায়ালগ, করভি রাকসান্ড, জাগো ফাউন্ডেশন; মতিউর রহমান, সম্পাদক, প্রথম আলো; ইউএন রেসিডেন্ট কোওর্ডিনেটর ও ইউএনডিপি রিপ্রেজেনটিটিভ রবার্ট ডি. ওয়াটকিনস্ এবং মোহাম্মদ সালাহ্উদ্দিন আজিম, ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ ও ম্যানেজিং ডিরেক্টর ক্লাসিক গ্রুপ লিঃ।

এই প্রচারনায় বাংলাদেশে নারী ও পুরুষের সমঅধিকার অর্জনে গুরুত্বপূর্ন ভুমিকা রাখবে। ইউএন উইমেন দেখতে চায়, বর্তমান সমাজে প্রতিষ্ঠিত এবং নেতৃস্থানীয় পুরুষগন জেন্ডার অসমতা দূরীকরনে পদক্ষেপ গ্রহণ করছেন, এবং সাথে সাথে অন্য পুরুষকেও অনুরুপ কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য অনুপ্রানিত করছে। ক্রিসটিন হান্টার, রিপ্রেজেনটিটিভ, ইউএন উইমেন ইন বাংলাদেশ বলেন,কার্যকরী পদক্ষেপ গ্রহণ ও নারীর সাথে সংহতি প্রকাশ করে পুরুষেরাও জেন্ডার সমতাকে উন্নয়ন ও প্রবৃদ্ধির মূল কেন্দ্রবিন্দুতে নিয়ে আসতে পারেন।

হিফরসি জেন্ডার সমতা অর্জনে ইউএন উইমেন এর একটি সংহতিমূলক আন্দোলন যা সমাজে পুরুষ ও ছেলেদের নারী অধিকার অর্জন ও জেন্ডার বৈষম্য দূরীকরণে সংযুক্ত করা হয়। এই ক্যাম্পেইনটির যাত্রা শুরু হয় জাতিসংঘের সদর দপ্তর, নিউইয়র্কে এবং এর সূচনা করেন জাতিসংঘের মহাসচিব, বান কি মুন, ইউএন উইমেন এর এক্সিকিউটিভ ডিরেক্টর ফুমজিলে মিয়াবো নকুকা এবং ইউএন উইমেন গুডউইল এ্যামবাসেডর ইমা ওয়াটসন।

আন্তর্জাতিক নারী দিবস পালন এর অংশ হিসেবে, ৭ জন বিশিষ্ট বাংলাদেশী নারী ঢাকার ছায়ানটে সেভেন নামক একটি নাকট মঞ্চস্থ করেন। নাটকটি রাশিয়া, পাকিস্তান, নাইজেরিয়া, উত্তর আয়্যারল্যান্ড, আফগানিস্থান, গুয়েতেমালা ও ক্যামবোডিয়ার নারী অধিকার অর্জনে নিয়োজিত নারী অধিকার কর্মীদের গল্প অবল্বনে রচিত। সেভেন নাটকটি ইউএন উইমেন এবং তার সহযোগী সংস্থা একশনএইড বাংলাদেশ, হেডা প্রডাকশন এবি এবং ভাইটাল ভয়েস কর্তৃক আয়োজিত হয়।

মিডিয়া সংশ্লিষ্ট তথ্যের জন্য:

কৌশিক দাস: ইউএন উইমেন, kausik.das@unwomen.org, 01711981667
সোহেল রানা, ইউএন উইমেন, shohel.rana@unwomen.org, 01714120371.